দৈনিক সংবাদ

তারিখ ১৪ AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ১

এসএসসি ঃ কুমিল্লা বোর্ড

# কক্সবাজারে পাসের হার ৭৩.০২, আগে বলা হয়েছিল ১৭%

কক্সবাজার, ১৩ই আগস্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।– কুমিল্লা বোর্ড থেকে আজ কক্সবাজার জেলার এসএসসি পরীক্ষার সংশোধিত ফলাফল পাঠানো হয়েছে। সংশোধিত ফলাফলে জেলায় পাসের হার ৭৩ দশমিক ০২ শতাংশ। পূর্ব প্রকাশিত ফলাফলে পাসের হার ছিল মাত্র ১৭ শতাংশ।

প্রত্যাশার তুলনায় পাসের হার অনেক কম হওয়ায় জেলায় সর্বত্র গত ৩ দিন ধরে বিক্ষোভ চলছিল। কক্সবাজার, রামু ও চকোরিয়ায় ছাত্র ও রাজনৈতিক সংগঠনগুলো মিছিল ও সমাবেশ করেছে। এ ব্যাপারে গতকাল জেলা প্রশাসকের কাছে ছাত্ররা স্মারকলিপিও পেশ করে। জেলা প্রশাসক কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার পর আজ বোর্ড

এসএসসি ঃ পৃঃ ১২ কঃ ৮

## এসএসসি ঃ কুমিল্লা বোর্ড

( ১ম পৃষ্ঠার পর )

থেকে সংশোধিত ফলাফল পাঠানো হয়।

জেলা প্রশাসক আজ জেলার বিভিন্ন কেন্দ্রে সংশোধিত ফলাফল পাঠিয়ে দেয়ার পর ছাত্ররা আনন্দ মিছিল বের করে।

এ ঘটনার পর গতকাল ঘোষিত ১৯শে আগস্টের হরতাল ও অন্য কর্মসূচী বাতিল করা হয়েছে।